

# Telephone Conversation between PM and President of the Maldives

April 20, 2020

## প্রধানমন্ত্রী এবং মালদ্বীপের রাষ্ট্রপতির মধ্যে টেলিফোনে বাক্যালাপ

এপ্রিল 20,2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ মালদ্বীপের রাষ্ট্রপতি মহামান্য মাননীয় ইব্রাহীম মহামেদ সোলিহ-র সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

দুই নেতা তাদের দেশের কোভিড-19- সংক্রমণের বর্তমানের পরিস্থিতির হাল হকিকত পরস্পরের সাথে বিনিময় করেছেন।

দুই নেতা তাদের সন্তোষ প্রকাশ করেছেন যে, সার্কভুক্ত দেশগুলির মধ্যে সমন্বয়ের বাহ্যিক প্রকরণের যে ঐকমত্য স্থাপিত হয়েছিল সেগুলির সক্রিয় বাস্তবায়ন হয়েছে। প্রধানমন্ত্রী শুনে খুশী হয়েছেন যে, এর আগে মালদ্বীপে যে ভারতীয় চিকিৎসক দলকে প্রেরণ করা হয়েছিল এবং ভারত যে অত্যাবশ্যকীয় ওষুধ উপহার দিয়েছিল সেগুলি এই দ্বীপসমূহে সংক্রমণ নিয়ন্ত্রণের কাজে ব্যবহার করা হয়েছে।

মালদ্বীপের মত পর্যটন নির্ভর অর্থনৈতিক দেশে অতিমারির বিশেষ প্রতিবন্ধকতার মোকাবিলার প্রশংসা করে প্রধানমন্ত্রী মালদ্বীপের রাষ্ট্রপতিকে আশ্বস্ত করেছেন যে, স্বাস্থ্য এবং আর্থিক ক্ষেত্রে কোভিড-19-এর প্রভাবকে ন্যূনতম করার জন্য ভারত তার সহযোগিতার ধারাকে বজায় রাখবে।

দুই নেতা সহমত হয়েছেন যে, বর্তমান স্বাস্থ্য সংকট থেকে উদ্ধৃত সমস্যাগুলি এবং তৎসহ দ্বিপাক্ষিক সহযোগিতার অন্যান্য বিষয়গুলির প্রতি তাদের আধিকারিকরা নিজেদের মধ্যে যোগাযোগ বজায় রেখে চলবেন।

নিউ দিল্লি

এপ্রিল 20,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.